

শ্রীলংকার রাষ্ট্রপতির ভারত সফর (21শে জুলাই, 2023)

18ই জুলাই, 2023

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর আমন্ত্রণে শ্রীলংকার রাষ্ট্রপতি মহামান্য রনিল বিক্রমাসিংহে ২১শে জুলাই ২০২৩ এ সরকারি সফরে ভারত সফর করবেন। বর্তমান দায়িত্ব গ্রহণের পর এটাই হবে প্রেসিডেন্ট বিক্রমাসিংহের প্রথম ভারত সফর।

সফরকালে রাষ্ট্রপতি বিক্রমাসিংহে রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদীমুর্মুর সঙ্গে সাক্ষাৎ করবেন এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে প্রধানমন্ত্রী ও অন্যান্য ভারতীয় গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে আলোচনা করবেন।

শ্রীলংকা ভারতের প্রতিবেশী প্রথম নীতি এবং ভিশন সাগরের একটি গুরুত্বপূর্ণ অংশীদার। এই সফর দু'দেশের মধ্যকার দীর্ঘদিনের বন্ধুত্বকে আরও জোরদার করবে এবং বিভিন্ন ক্ষেত্রে যোগাযোগ ও পারস্পরিক লাভজনক সহযোগিতার পথ অনুসন্ধান করবে।

নয়া দিল্লি

18ই জুলাই, 2023